পড় তোমার প্রভুর নামে,
যিনি তোমাকে সৃষ্টি করেছেন। [সুরা আল-'আলাক: ১]

# প্রসপেক্টাস

TAQWA MODEL MADRASAH

# তাকওয়া মডেল মাদ্রাসা

# مدرسة التقوى النموذجية

# TAQWA MODEL MADRASAH

(ইসলামি ও আধুনিক শিক্ষার সমন্বয়ে একটি ব্যতিক্রমধর্মী শিক্ষা প্রতিষ্ঠান)

TMM

বরং এতো কুরআনের সুস্পষ্ট আয়াত, যা জ্ঞানীদের অন্তরে সংরক্ষিত।
(সুরা আল-আনকাবুত : ৪৯)

## প্রাক-কথন

আল কুরআন মহাবিশ্বের একচ্ছত্র অধিপতি, সর্বময় ক্ষমতার মালিক মহান স্রষ্টা আল্লাহ তা'আলার সুমহান বাণী। মানবতার মুক্তিসনদ হিদায়াতের সুস্পষ্ট আলোকবর্তিকা। সর্বকালের সর্বশ্রেষ্ঠ মু'জিযা। সর্বাত্মক ও পরিপূর্ণ জীবনব্যবস্থা। চিরন্তন, শাশ্বত, সম্পূর্ণ নির্ভুল ও অপরিবর্তনশীল অলৌকিক আসমানি কিতাব। এর একটি অলৌকিকতা হলো-কিয়ামত পর্যন্ত কেউ এর মধ্যে কোনো প্রকার পরিবর্তন, পরিবর্ধন ও বিকৃতকরণ করতে পারবে না। কারণ আল্লাহ তা'আলা নিজেই এর সংরক্ষণের দায়িত্ব গ্রহণ করেছেন। যে সব অনুপম পদ্ধতির মাধ্যমে আল্লাহ তা'আলা কুরআন সংরক্ষণের ব্যবস্থা করেছেন; সেগুলোর অন্যতম হলো তিনি আল কুরআনকে মুখস্থসাধ্য করে দিয়েছেন। পৃথিবীতে কোনো যুগে কোনো ধর্মগ্রন্থের কোনো হাফেজ ছিল না, এখনো নেই; একমাত্র কুরআন ব্যতীত।

বর্তমান বিশ্বে লক্ষ-কোটি মুসলিম নর-নারীর অন্তরে আল কুরআন সংরক্ষিত আছে। আমাদের কলিজার টুকরো সন্তানদের জন্য কুরআন হিফজ করার ব্যবস্থা করে এ ধারা অব্যাহত রাখা আমাদের ওপর অর্পিত একটি ঈমানি দায়িত্ব, যা মুসলিম উম্মাহর জাতীয় দায়িত্বেরই অংশমাত্র। বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম, ইসলামের সুমহান আদর্শে পরিচালিত চৌকষ প্রজন্ম বিনির্মাণে ব্রতী হয়ে তাকওয়া মডেল মাদ্রাসার পথচলা। প্রতিষ্ঠান পরিচালনায় আছেন তাকওয়া এসোসিয়েট'স এর শিক্ষানুরাগী, শ্রদ্ধাভাজন, নিবেদিতপ্রাণ ও দ্বীনদার ব্যক্তিবর্গ।

এই শিক্ষা প্রতিষ্ঠানে একাধারে আল কুরআন হিফজের পাশাপাশি মাদ্রারাসা বোর্ডের পাঠ্যক্রম অনুসারে বিজ্ঞানসম্মত পন্থায় শিক্ষাদানের ব্যবস্থা গৃহীত হয়েছে। যাতে করে আমাদের সন্তানরা উচ্চশিক্ষার সুযোগ থেকে পিছিয়ে না পরে। এ সমন্বিত উদ্যোগ থাকার কারণে হিফজ শেষ করেই একজন শিক্ষার্থী মাদ্রাসা বোর্ডের ষষ্ঠ অথবা সপ্তম শ্রেণি থেকে নির্বিঘ্নে লেখাপড়া চালিয়ে যেতে পারে। প্রচলিত হিফজ ব্যবস্থায় যুগের চাহিদা পূরণ না হওয়ায় এই নবতর ধারার প্রবর্তন একটি অনিবার্য বিষয় হয়ে দাঁড়িয়েছে। এক কথায়, আধুনিক কারিকুলামসহ শিক্ষার আন্তর্জাতিক মান সংরক্ষণ করাই আমাদের অন্যতম প্রতিশ্রুতি।

মূলত আল কুরআন হিফজের মাধ্যমে শিক্ষার্থীর মেধাবিকাশও শানিত হয়। যা আধুনিক শিক্ষা গ্রহণের ক্ষেত্রে কার্যকরী ভূমিকা পালন করে থাকে। তদুপরি, অনেক মা-বাবাই তাদের সন্তানদেরকে স্কুল-কলেজের আধুনিক শিক্ষার পাশাপাশি আল কুরআনের সংস্পর্শে রেখে ভারসাম্যপূর্ণ মানুষ হিসেবে গড়ে তোলার স্বপ্ন দেখেন। কিন্তু আমাদের দেশে সে রকম কোনো উল্লেখযোগ্য ব্যবস্থা নেই বললেই চলে। এসব বিষয় চিন্তা করেই তাকওয়া মডেল মাদ্রাসা নিয়মিত হিফজ প্রোগ্রাম ছাড়াও পার্টটাইম হিফজ ও সহীহ কুরআন তালিম প্রোগ্রাম হাতে নিয়েছে। এমনকি স্কুল-কলেজের শিক্ষার্থী ও বয়স্কদের জন্য বিশুদ্ধ কুরআন শেখার বিশেষ আয়োজন করেছে।

নৈতিক ও সামাজিক অবক্ষয়ের এই দুর্দিনে একজন সচেতন অভিভাবক হিসেবে আপনার সন্তানের লেখাপড়া ও চরিত্র গঠনের কঠিন দায়িত্ব আমাদের ওপর ন্যস্ত করলে আমরা পূর্ণ আমানতদারিতার সাথে পালন করার জন্য অঙ্গিকারাবদ্ধ। আল্লাহর সন্তুষ্টি ও পারলৌকিক মুক্তির আকাঙ্ক্ষায় অন্তত আপনার একটি সন্তানকে আল্লাহ তা'আলার সর্বশেষ কিতাব আল কুরআনের হাফিজ বানানোর সিদ্ধান্ত নিন। আপনার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে আমাদেরকে আপনার সহযাত্রী হওয়ার সুযোগ দিন। আমরা আল কুরআনের আলোয় উদ্ভাসিত প্রজন্ম গড়ার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখবো ইনশাআল্লাহ।

আল্লাহ তা'আলা-আমাদের সকল কার্যক্রম কবুল করুন। আমীন।





## লক্ষ্য ও উদ্দেশ্য

সুশিক্ষা দেশ ও জাতির উন্নয়নের মূল চাবিকাঠি। প্রবাদ আছে- 'যে জাতি যত বেশি শিক্ষিত সে জাতি তত বেশি উন্নত'। শিক্ষা ছাড়া একটি জাতির উন্নতি ও অগ্রগতি অসম্ভব। একবিংশ শতাব্দীর সূচনালগ্ন থেকে এ দেশের জনগণের মাঝে ব্যাপক দ্বীনি চেতনা ও অনুভূতি সৃষ্টি হয়েছে। তারা প্রত্যাশা করেন তাদের সন্তানাদি আধুনিক ও ইসলামি শিক্ষায় শিক্ষিত হয়ে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খ্যাতি অর্জন করবে। সেই সাথে আত্মনিয়োগ করবে মানবসেবায়। তাদের সেই প্রতীকী প্রত্যাশা পূরণে তাকওয়া মডেল মাদ্রাসা পথপ্রদর্শকের ভূমিকা পালন করবে বলে আমরা আশাবাদী। সন্তানকে নিয়ে আপনার প্রত্যাশা পূরণে আমাদের রয়েছে কিছু বাস্তবমুখী লক্ষ্য-উদ্দেশ্য, যা আপনাকে দিতে পারে কাঙ্খিত মানের শিক্ষার সন্ধান।

- আন্তর্জাতিক মানের হাফিজে কুরআন তৈরি করা।
- বিশ্বজনীন ইসলামী জীবনব্যবস্থা অনুসরণ ও বাস্তবায়নের লক্ষ্যে যোগ্য নাগরিক তৈরি করা।
- শিক্ষার্থীদের মাঝে কুরআন-হাদিসের পাশাপাশি সাহিত্য, দর্শন, বিজ্ঞান ও অন্যান্য সাধারণ জ্ঞানের সুষম সমন্বয় সৃষ্টি করা।
- আরবি ও ইংরেজি শিক্ষার গুরুত্বকে সামনে রেখে ছাত্র-ছাত্রীদেরকে উভয় ভাষায় পারদর্শী করে তোলা।
- প্রযুক্তিনির্ভর বিশ্বের সাথে তাল মিলিয়ে চলার জন্য শিক্ষার্থীদেরকে যথোপযুক্ত তথ্য-যোগাযোগ ও প্রযুক্তিবিষয়ক জ্ঞান দানের মাধ্যমে যোগ্য করে তোলা।
- সর্বোপরী জাতিকে সুন্নাতের পরিপূর্ণ অনুসারী, বিশুদ্ধ 'আকিদাসম্পন্ন যোগ্য আলেমেদ্বীন তৈরির লক্ষ্যে একদল দক্ষ ও খ্যাতিসম্পন্ন হাফেজে কুরআন উপহার দেয়া।

## যে কারণে আমরা ব্যতিক্রম

- এ প্রতিষ্ঠান সম্পূর্ণ সেবামূলক। আল্লাহর জন্যই এর সূচনা ও পথচলা।
- সুন্নাতের প্রকৃত অনুসারী ও তাকওয়াভিত্তিক জীবন গঠনের লক্ষ্যে নিয়মিত মোটিভেশন প্রোগ্রাম পরিচালনা।

TMM

- হিফজের পাশাপাশি আরবি, বাংলা, ইংরেজি, গণিতসহ মৌলিক বিষয়গুলো গুরুত্বের সাথে শ্রেণিভিত্তিক নিয়মিত পাঠদান।
- প্রতিষ্ঠান থেকে সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে হিফজের পাশাপাশি ইবতেদায়ী পরীক্ষার উপযোগী করে তোলা।
- শীতাতপ নিয়ন্ত্রিত উন্নতমানের আধুনিক শ্রেণিকক্ষ।
- আমাদের নিজেদের সন্তানদের জন্য আমরা এ প্রতিষ্ঠান বাছাই করেছি।
- শারীরিক শাসন নয়, আদর ও সোহাগের মাধ্যমে শিক্ষার্থীকে গড়ে তোলা।
- দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তির ব্যবস্থা।
- যোগ্য, চরিত্রবান ইজাজাহ (সার্টিফিকেট) প্রাপ্ত হাফিজ ও প্রশিক্ষিত কারীদের মাধ্যমে শিক্ষাদান।
- তাজবিদভিত্তিক বিশুদ্ধ ও মার্জিত উচ্চারণ।
- তিন বছরের মধ্যে হিফজ সমাপনের ব্যবস্থা।
- আরবি, বাংলা, ইংরেজি, গণিত প্রত্যেক বিষয়ের জন্য আলাদা শিক্ষক।
- জাতীয় ও আন্তর্জাতিক হিফজ প্রতিযোগিতায় অংশগ্রহণ।
- ক্লাসের পড়া ক্লাসেই শিখানোর ব্যবস্থা।
- পাঠ পরিকল্পনা গ্রহণ ও অনুসরণ।
- আরবি ও ইংরেজিতে কথোপকথনের জন্য স্পোকেন ক্লাসের ব্যবস্থা।
- শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত অগ্রগতির লক্ষ্যে অভিভাবকদের সাথে নিয়মিত যোগাযোগ করা।
- মহিলা শিক্ষার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞ মহিলা হাফিজা দ্বারা কুরআন হিফজ করার সুব্যবস্থা।
- সর্বোচ্চ ১৫ জন শিক্ষার্থীর জন্য একজন শিক্ষক।



TMM

## আমাদের সেবাসমূহ

- আধুনিক, নিরাপদ ও উন্নতমানের হোস্টেল ব্যবস্থাপনা।
- আবাসিক শিক্ষার্থীদের জন্য নির্ধারিত মেনু অনুযায়ী দৈনিক তিনবেলা স্বাস্থ্যসম্মত বিশেষ খাবার ও চারবার উন্নতমানের টিফিন পরিবেশন।
- অনাবাসিক শিক্ষার্থীদের জন্য দৈনিক দুইবেলা খাবার ও তিনবেলা টিফিন পরিবেশন।
- বিশেষজ্ঞ ডাক্তারের মাধ্যমে সাপ্তাহিক স্বাস্থ্যপরিচর্যা।
- প্রতিবছর ঐতিহাসিক স্থানসমূহে শিক্ষাসফর।
- সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা।
- মনোরম ও নিরিবিলি পরিবেশ।
- অমনোযোগী শিক্ষার্থীদের মানোন্নয়নের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ।
- অভিজ্ঞ শিক্ষকমন্ডলী দ্বারা সার্বক্ষণিক তদারকী।
- প্রবাসী ও চাকুরিজীবী অভিভাবকগণের সন্তানের জন্য বিশেষ ব্যবস্থা।
- জামা-কাপড় ধোয়াসহ পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিতকরণ ও শীতকালে গরম পানি দ্বারা গোসলের ব্যবস্থা।
- শিক্ষার্থীদের সেবার জন্য সার্বক্ষণিক সেবকের ব্যবস্থা।

কিয়ামতের দিন কুরআনের হাফিজকে বলা হবে পড় আর মর্যাদার সিঁড়ি অতিক্রম করো। আবৃত্তি কর যেভাবে তুমি পৃথিবীতে আবৃত্তি করতে। তোমার মর্যাদার আসন সেখানেই হবে, যেখানে সর্বশেষ আয়াত পাঠ করবে।

(তিরমিযী শরীফ, হা. নং : ১৯১৫)

## ভর্তির বিভাগসমূহ

### আমরা প্রধানত ৫টি প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি করে থাকি

**ক. প্রি-হিফজ প্রোগ্রাম** [আদর্শ নুরানী, আদর্শ নাজেরা]
**খ. হিফজ প্রোগ্রাম** [হিফজুল কুরআন, দাওর (শুনানী)]
**গ. মাদ্রাসা শিক্ষা প্রোগ্রাম** [জেনারেল মাদ্রাসা শিক্ষা (প্লে-৮ম শ্রেণি)]
**ঘ. খন্ডকালীন প্রোগ্রাম** [হিফজুল কুরআন, সহীহ কুরআন তা'লিম (সবার জন্য উন্মুক্ত)]
**ঙ. এরাবিক ল্যাংগুয়েজ কোর্স** [এরাবিক ল্যাংগুয়েজ কোর্স, (সবার জন্য উন্মুক্ত)] সকল প্রোগ্রামে মহিলাদের জন্য পৃথক ব্যবস্থা।

## ভর্তির ক্যাটাগরী

আমরা ৫ ক্যাটাগরীতে শিক্ষার্থী ভর্তি করে থাকি

ক. **আবাসিক** : যারা সার্বক্ষণিক আবাসন সুবিধায় ক্যাম্পাসে অবস্থান করে।

খ. **ডে-কেয়ার** : যারা বাদ ফজর থেকে রাত ৯.৩০ মি. সকল সুযোগ-সুবিধাসহ ক্যাম্পাসে অবস্থান করে। (শুধু রাতের খাবার ও ঘুম বাসায় হবে)।

গ. **অনাবাসিক** : যারা বাদ ফজর থেকে ১০.৪০ মি. এবং দুপুর ২টা-রাত ৯.৩০ মি. পর্যন্ত সকল সুযোগ-সুবিধাসহ ক্যাম্পাসে অবস্থান করে, (দুপুরের বিশ্রাম ও খাবার এবং রাতের খাবার ও ঘুম বাসায় হবে)।

ঘ. **বিশেষ নূরানী** : প্লে-নার্সারী ও কায়দার শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য। (যারা নাস্তা ও টিফিনের কোন প্রকার সুযোগ-সুবিধা ভোগ করবে না।)

ঙ. **খন্ডকালীন হিফজ/খণ্ডকালীন সহীহ কুরআন তালিম** : যারা বাদ ফজর, বাদ জোহর ও বাদ মাগরিব এই তিন সময়ের কোন এক সময়ে প্রতিদিন পাঠে অংশগ্রহণ করবে।





## ভর্তিকালীন ফি

| খাতসমূহ | আবাসিক | ডে-কেয়ার | অনাবাসিক | বিশেষ নূরানী | খন্ডকালীন হিফজ/সহীহ কুরআন তালিম |
|---|---|---|---|---|---|
| ভর্তি ফি | ৯০০০/- | ৯০০০/- | ৯০০০/- | ৪০০০/- | ২৫০০/- |
| উন্নয়ন ফি (প্রতি বছর প্রদেয়) | ৭৫০০/- | ৭৫০০/- | ৭৫০০/- | ২০০০/- | ২০০০/- |
| সংস্থাপন ফি | ৮০০০/- | ৫০০০/- | ২০০০/- | ১০০০/- | ১০০০/- |
| বিবিধ [পরিচয়পত্র, সাংস্কৃতিক অনুষ্ঠান, রেজাল্ট কার্ড, খেলাধূলা ইত্যাদি। | ১৫০০/- | ১৫০০/- | ১৫০০/- | ১০০০/- | - |
| ভর্তিকালীন সময়ে প্রদেয় [মোট ফি] | ২৬০০০/- | ২৩০০০/- | ২০০০০/- | ৮০০০/- | ৫৫০০/- |

## মাসিক ফি

| খাতসমূহ | আবাসিক | ডে-কেয়ার | অনাবাসিক | বিশেষ নূরানী | খন্ডকালীন হিফজ/সহীহ কুরআন তালিম |
|---|---|---|---|---|---|
| টিউশন ফি | ৩৬০০/- | ৩৬০০/- | ৩৬০০/- | ৩৫০০/- | ২০০০/- |
| সিটভাড়া | ২০০০/- | ১০০০/- | - | - | - |
| টিফিন | ১২০০/- (৪ বেলা) | ১২০০/ (৩ বেলা) | ১০০০/- (৩ বেলা) | - | - |
| খাবার | ৩৫০০/- (৩ বেলা) | ২০০০/- (২ বেলা) | ১০০০/- (১ বেলা) | - | - |
| বিবিধ [বিদ্যুৎ বিল, বাড়ি ভাড়া, গ্যাস, পানি টেলিফোন, কাপড় ধোয়া, খাবার পানি] | ৯০০/- | ৭০০/- | ৫০০/- | ৫০০/- | |
| **মোট =** | **১১,২০০/-** | **৮,৫০০/-** | **৬,১০০/-** | **৪০০০/-** | **২,০০০/-** |

TMM

## অন্যান্য ফি সমূহ

১ম সাময়িক জেনারেল ও হিফজ ১০০০/-
২য় সাময়িক জেনারেল ও হিফজ ১০০০/- } পরীক্ষা

**শিক্ষাসফর।** অবস্থার আলোকে নির্ধারিত হবে।
ডায়েরি, বই ও স্টেশনারি বাবদ নির্ধারিত ফি প্রদান করতে হবে।
সবকদান ও সমাপনী অনুষ্ঠানের আপ্যায়নে আর্থিক অংশগ্রহণ।

পরীক্ষার্থীর জন্য কোচিং ফি মাসিক ১০০০/-

**প্রস্তাবনা:** নূন্যতম সবক গ্রহণ: (ক) আমপারা ২০০০/-, (খ) নাজেরা ৩০০০/-, (গ) হিফজ ৫০০০/-, (ঘ) সমাপনি ৬০০০/- (পাগড়ি, সার্টিফিকেট সহ অন্যান্য)

**প্রতিষ্ঠান যা সরবরাহ করবে:** খাট, ওয়ারড্রোব [আবাসিক ছাত্রদের জন্য]। পড়ার ডেস্ক, বোর্ড বইসমূহ, প্লেট, জগ, বালতি, মগ, কাপড় কাঁচার পাউডার।

**অভিভাবক যা সরবরাহ করবেন:** দুইকপি পাসপোর্ট সাইজ ছবি, জন্ম নিবন্ধন সনদ, টিস্যু, মশারি, বালিশ, তোষক, বিছানার চাদর, গোসলের সাবান, টুথব্রাশ, টুথপেস্ট, জুতা ও প্রয়োজনীয় পোষাকসহ শিক্ষার্থীর দৈনন্দিন ব্যবহার্য জিনিসপত্র।
ড্রেস : প্রাতিষ্ঠানিক ড্রেস ২টি। নরমাল ড্রেস ২টি। জুব্বা ১টি। স্পোর্টস ড্রেস ১টি।

## বেতন ও ফি পরিশোধের নীতিমালা

- মাসিক ফি আপনার সন্তানের থাকা খাওয়া ও পরিচর্যার জন্যই ব্যয় করা হয়। তাই প্রতিমাসের ১০ তারিখের মধ্যেই মাসিক ফি পরিশোধ করে আপনার সন্তানের কাঙ্খিত সেবাদান নিশ্চিত করতে প্রতিষ্ঠানকে সহযোগিতা করুন।
- অধিকন্ত ফি অনাদায়ে মাসের ২৫ তারিখ অতিবাহিত হওয়ার পর প্রতিষ্ঠান কর্তৃপক্ষ খানা এবং ক্লাস বন্ধ করে দিলে অভিভাবকের কোন প্রকারের ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- বিশেষ প্রয়োজনে বেতন পরিশোধ করতে বিলম্ব হলে তৎক্ষণাত কর্তৃপক্ষকে লিখিতভাবে তার কারণ অবগত করতে হবে।
- কোন শিক্ষার্থীর ভর্তি বাতিল করা হলে অথবা সে অন্য কোন প্রতিষ্ঠানে চলে গেলে তার কোন প্রকার ফি ফেরত দেয়া হবে না।
- ভাড়া বাড়িতে প্রতিষ্ঠান পরিচালনার কারণে মাদ্রাসা বন্ধ থাকলে কিংবা শিক্ষার্থী অনুপস্থিত থাকলে মাসিক ফি কর্তন করা হয় না।



TMM

## দৈনন্দিন খাদ্য তালিকা (তালিকাটি শিক্ষার্থীদের অবস্থার আলোকে পরিবর্তনযোগ্য)

| বার | বাদ ফজর | সকালের নাস্তা | টিফিন সকাল | দুপুরের খাবার | টিফিন (বিকাল) | রাতের খাবার | ঘুমের পূর্বে |
|---|---|---|---|---|---|---|---|
| শনিবার | ড্রাইকেক | পরোটা, ডাল হালুয়া | সিংগারা সমুচা | মুরগী, সবজি ডাল | সুজি হালুয়া/ ঝালমুড়ি | ডিম ভাজি সবজি, ডাল | হরলিক্স |
| রবিবার | কেক | ভাত, চনার ডাল /আলুভর্তা | বিস্কুট | গরু, ডাল | চনা-মুড়ি | মাছ ভাজি, ডাল | ফল |
| সোমবার | বিস্কুট | তেহেরি | পেয়াজু/ জিলাপী | মুরগী ভাজি, ডাল | চটপটি | মুরগী ভাজি, ডাল | হরলিক্স |
| মঙ্গলবার | কেক | পরোটা ডাল/হালুয়া | কেক | মাছ সবজি, ডাল | নুডলস্ | মুরগী সবজি, ডাল | ফল |
| বুধবার | টিফিন বিস্কুট | তেহেরি | ডাল-পুরি | মুরগী ভাজি, ডাল | সেমাই/ চটপটি | মাছ ডাল, সবজি | হরলিক্স |
| বৃহস্পতিবার | ড্রাই কেক | ভাত, ডাল, সবজি খিচুড়ি/আলুভর্তা | বিস্কুট | মাছ সবজি, ডাল | চনা-মুড়ি | ডিম, ডাল সবজি | ফল |
| জুমা'বার | কেক/বিস্কুট | তেহেরী | কেক | মুরগী, ডাল সবজি | কেক | মাছ ভাজি, ডাল | দুধ |

## ক্রীড়া ও বিনোদনমূলক কার্যক্রম

- শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধানে শিক্ষার্থীদেরকে প্রতিদিন বিকালে নিরাপদ খেলার মাঠে নিয়ে যাওয়া এবং নির্ধারিত সময় পর্যন্ত খেলাধুলা শেষে নিয়ে আসা।
- শিক্ষার্থীদের কণ্ঠ অনুশীলন এবং বিশুদ্ধ উচ্চারণে আরব বিশ্বের সর্বজনস্বীকৃত ও আকর্ষণীয় হাফেজ ও ক্বারীগণের অনুকরণে গড়ে তোলার লক্ষ্যে বাস্তব প্রশিক্ষণের পাশাপাশি ক্যাসেট ও ল্যাপটপ/কম্পিউটার সিডি ব্যবহার করা।
- সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক হিফজ প্রতিযোগিতা ও হাদর মাহফিলের আয়োজন করা।
- জাতীয় ও আন্তর্জাতিক হিফজ প্রতিযোগিতায় অংশগ্রহণের উপযোগী করা। বার্ষিক ক্রীড়া এবং ইসলামি সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা ।
- বার্ষিক শিক্ষা সফরের আয়োজন করা।

## শিক্ষার্থীদের করণীয়

- অভিভাবকগণ যথাসময়ে শিক্ষার্থীদের যাওয়া-আসা নিশ্চিত করবেন।
- শিক্ষার্থীকে মাদ্রাসা কর্তৃপক্ষ নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে আসতে হবে।
- মাদ্রাসা বন্ধকালীন সময়ে অভিভাবকগণ নিজ দায়িত্বে বাসায় পড়ালেখার ব্যবস্থা করবেন।
- কোন সমস্যা হলে কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- কোন কারণে অনুপস্থিত থাকলে লিখিতভাবে আবেদন করবেন।
- বাসায় শিক্ষার্থীদের জন্য ইসলামি পরিবেশ নিশ্চিত করবেন।
- শিক্ষার্থীকে বাসা থেকে মাদ্রাসায় আনা-নেয়ার ব্যবস্থা অভিভাবকগণই করবেন।
- পাঁচওয়াক্ত সালাত জামায়াতের সাথে আদায় করতে হবে।
- অনুমতি ছাড়া একে অন্যের রুমে যেতে পারবে না ।
- পড়ালেখা, ঘুম ও খাওয়ার সময় ডিস্টার্ব করা থেকে বিরত থাকতে হবে ।
- কোন সমস্যা হলে শিক্ষক বা কর্তৃপক্ষকে অবহিত করবে।





- নিজের কাছে টাকা রাখা যাবে না। [প্রয়োজনে অভিভাবক অফিসে টাকা জমা রাখবেন]।
- অফিসরুমে প্রবেশের সময় সালাম দিয়ে অনুমতি নিতে হবে।
- মাদ্রাসা ত্যাগ এবং প্রবেশের সময় অফিসে দেখা করতে হবে।
- যথাসময়ে খাবার গ্রহণ করতে হবে।
- নিজের রুমে, সীট, জামা-কাপড় গুছিয়ে ও পরিচ্ছন্ন রাখতে হবে।
- আবাসিক শিক্ষার্থীদের সীট বিন্যাস কর্তৃপক্ষ নির্ধারণ করবেন। এক্ষেত্রে অভিভাবকদের কোনো প্রকার আপত্তি শোভনীয় নয়।
- কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কাউকে নিজের রুমে প্রবেশ করানো যাবে না।
- অনুমতি ছাড়া অন্যের কিছু ধরতে পারবে না।
- কোনো ছাত্রের নৈতিক চরিত্রের অশ্লীল কথাবার্তা, আচার-আচরণ, অসাধু অভ্যাস অবনতির জন্য বহিস্কার করা হলে আপত্তি করা যাবে না।
- ভর্তি পরবর্তী সময়ে কোনো ছাত্রের ছোঁয়াচে অথবা বিকৃত রোগ [যা অন্যদের জন্য ক্ষতিকর, ধরা পড়লে তার ভর্তি সাময়িক/স্থায়ীভাবে বাতিল করা হবে।

## আবাসিক সাক্ষাত ও সূচি

- প্রতি জুম'আবার সকাল দশটা থেকে মাগরিবের পূর্বপর্যন্ত শিক্ষার্থীর সাথে দেখা করা যাবে।
- সাক্ষাতপ্রার্থীকে নির্ধারিত খাতায় নিজ নাম, শিক্ষার্থীর নাম, শ্রেণি, আইডি নং ও শিক্ষার্থীর সাথে সম্পর্কের ধরণ উল্লেখ করতে হবে।
- রাতেরবেলা [মাগরিবের পর] কোনক্রমে সাক্ষাত করা যাবে না।
- প্রতিদিন আসর থেকে মাগরিব পর্যন্ত ছাত্রদের সাথে সাক্ষাত করা যাবে।
- ভর্তি ফরমে উল্লেখিত ব্যক্তি ছাড়া অন্যকেউ সাক্ষাত, বাসায় নেয়া বা ফোন করতে পারবে না।
- মহিলা অভিভাবক অবশ্যই হিজাব ও শালীনতার সাথে সাক্ষাত করতে আসবেন।
- প্রতিষ্ঠান প্রধানের অনুমতি ব্যতীত ছাত্রদের আবাসিক রুমে প্রবেশ করতে পারবে না ।
- অনির্ধারিত ছুটিতে ছাত্রকে বাসায় নিতে হলে ফোনে জানাতে হবে।
- ঘন ঘন ছাত্রকে বাসায় নিয়ে যাওয়া ও ফোন করা শিক্ষার্থীর পড়ালেখার জন্য ক্ষতিকর।

TMM

## অনাবাসিক নিয়মাবলী

অভিভাবকগণ যথাসময়ে মাদ্রাসায় শিক্ষার্থীদের যাওয়া-আসা নিশ্চিত করবেন।
শিক্ষার্থীকে মাদ্রাসা কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে আসতে হবে।
মাদ্রাসা বন্ধকালীন সময়ে অভিভাবক নিজ দায়িত্বে বাসায় পড়ালেখার ব্যবস্থা করাবেন।
কোনো সমস্যা হলে কর্তৃপক্ষকে অবহিত করবেন।
কোনো কারণে অনুপস্থিত থাকলে লিখিতভাবে আবেদন করতে হবে।
বাসায় শিক্ষার্থীর জন্য ইসলামি পরিবেশের ব্যবস্থা করবেন।
শিক্ষার্থীকে বাসা থেকে মাদ্রাসায় আনা-নেয়ার ব্যবস্থা অভিভাবক করবেন।
অভিভাবক সমাবেশে হাজির থাকবেন ও গুরুত্বপূর্ণ মতামত প্রদান করবেন।

## সিলেবাস

### হিফজ

হিফজের সময়কাল শিক্ষার্থীর মেধার ওপর নির্ভরশীল।
**১ম স্তর :** হিফজের প্রস্তুতি [১-২ বছর]
ক. নুরানী। খ. আমপারা। গ. নাজেরা
২য় স্তর : হিফজ সম্পন্ন করা [৩ বছর]
১ম বছর : ৮-১০ পারা
**২য় বছর :** ১০-১২ পারা
৩য় বছর : ১০-১২ পারা
**৩য় স্তর :** দাওর [১-২ বছর]

সিলেবাসের সময়কাল শিক্ষার্থীর মেধা, নিয়মতান্ত্রিকতা ও একাগ্রতার ওপর নির্ভরশীল ।

### জেনারেল

ক. নার্সারি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত মাদ্রাসার শিক্ষা বোর্ডের মৌলিক ৪টি বিষয় যথা-বাংলা, ইংরেজি, গণিত ও আরবি শ্রেণিভিত্তিক পাঠদান করা বিষয়ভিত্তিক শিক্ষক-শিক্ষিকা দ্বারা ক্লাস গুলো পরিচালিত হয়। এবং ক্লাসের পড়া ক্লাসেই সম্পন্ন করা হয়।
খ. ৫ম শ্রেণিতে মাদ্রাসার শিক্ষা বোর্ডের সকল বিষয় পাঠদান করা হয় এবং প্রতিষ্ঠানের পক্ষ থেকে বোর্ড পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা করা হয়।





## ছুটির তালিকা

**বার্ষিক ছুটি**
- ঈদ-উল ফিতর ১০ দিন।
- ঈদ-উল আযহা ১০ দিন।
- ১ম সেমিস্টার [পরীক্ষা] পরবর্তী অবকাশ ৭দিন।
- ২য় সেমিস্টার [পরীক্ষা] পরবর্তী অবকাশ ৭দিন।

**মাসিক ছুটি :** প্রতিমাসের ৭ থেকে ১০ তারিখের মধ্যে জুমাবারকে কেন্দ্র করে জুমাবারসহ তিন দিনের ছুটি। কোন প্রকার বার্ষিক ছুটির সাথে মাসিক ছুটি দেয়া যাবে না।

**নবাগতদের জন্য ছুটি :** নবাগত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রথম তিনমাস বৃহস্পতিবার এশার নামাযের পর থেকে জুমা'বার আসর পর্যন্ত অনুমতি সাপেক্ষে ছুটি ভোগ করতে পারবে। এক্ষেত্রে মাদ্রাসার নিয়ম অনুযায়ী অভিভাবক নির্ধারিত ফরম পূরণ করে কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে।

**জরুরি ছুটি :** শিক্ষার্থীর জরুরি প্রয়োজনে তার অভিভাবক লিখিত আবেদনের মাধ্যমে কর্তৃপক্ষের সম্মতিক্রমে ছুটি নিতে পারবেন। তবে মনে রাখতে হবে, ছুটি/অনুপস্থিতি শিক্ষার্থীর অগ্রগতির অন্তরায়।

**অনুপস্থিতির ছুটি :** কোনো কারণে পূর্ব অনুমতি ব্যতীত কোনো শিক্ষার্থী মাদ্রাসার অনুপস্থিত থাকলে যথাযথ কর্তৃপক্ষের কাছে লিখিত আবেদনের মাধ্যমে অবশ্যই ছুটি মঞ্জুর করাতে হবে।

TMM

## শিক্ষার্থীদের দৈনন্দিন রুটিন

| সময় | দৈনন্দিন কাজ |
|---|---|
| ভোর ০৪.০০-০৪.৩০ | শয্যা ত্যাগ। |
| ০৪.৩১-০৭.০০ পর্যন্ত | হিফজ ক্লাস/ছবক ও সাত ছবক শোনানো, ফজরের নামাযের পর গুরুত্বপূর্ণ দু'আ পড়া, মর্নিং ওয়ার্ক (হালকা খেলাধুলা আবাসিক শিক্ষার্থীদের জন্য)। |
| ০৭.০১-০৭.৩০ পর্যন্ত | নাস্তার বিরতি |
| ০৭.৩১-০৮.৩০ পর্যন্ত | সাত ছবক ও আমুখতা |
| ০৮.৩৫-১০.৩৫ পর্যন্ত | জেনারেল ক্লাস, বাংলা, গণিত, ইংরেজি ও আরবি পড়া। |
| ১০.৩৬-১১.০০ পর্যন্ত | গোসল ও টিফিনের বিরতি। |
| ১১.০১-১২.৪৫ পর্যন্ত | ঘুমের বিরতি |
| ১২.৪৬-০১.৩০ পর্যন্ত | সালাতুয যোহর, দুপুরের খাবার ও আমুখতা ইয়াদ। |
| ০১.৩১-আসর পর্যন্ত | আমুখতা শোনানো, মুখস্ত তিলাওয়াত করা ও ছবকের নাজেরা শিখা। |
| আসর-মাগরিব পর্যন্ত | খেলাধুলা, বিনোদন ও বিকেলের নাস্তা। |
| মাগরিব-০৮.৪৫ পর্যন্ত | মাগরিবের সালাতের পর গুরুত্বপূর্ণ দু'আ পড়া এবং হিফজ ক্লাস, ছবক শেখা, ভোর রাতের প্রস্তুতিমূলক ছবক শোনানো। |
| ০৮.৪৬-০৯.৩০ পর্যন্ত | সালাতুল ইশা ও মাশক |
| ০৯.৩১-১০.১৫ পর্যন্ত | রাতের খাবার/ঘুমানোর প্রস্তুতি ও ফল-ফলাদি খাওয়া/দুধ বা হরলিক্স পান করা। |
| ১০.১৬-০৪.৩০ পর্যন্ত | পূর্ণবিশ্রাম। |

**প্রয়োজনে রুটিন পরিবর্তনযোগ্য**



TMM

## পার্টটাইম হিফজ/ কুরআন তা'লিম

**প্রথম ব্যাচ**
বাদ ফজর-৮.৩০

**দ্বিতীয় ব্যাচ**
বাদ যোহর-আসর পর্যন্ত

**তৃতীয় ব্যাচ**
বাদ মাগরিব-এশা পর্যন্ত

**চকবাজার** : ১৫৪/এ কলেজ রোড, চকবাজার, চট্টগ্রাম। ফোন: ০১৮৬২ ২২৮১৯৫, ০১৬৪০ ৭০০২৪৬

**চন্দনপুরা শাখা** : মরিয়ম হাইটস, ১২১ মনু মিয়াজী লেইন, চন্দনপুরা,
বাকলিয়া এক্সেস রোড, চট্টগ্রাম। ফোন: **০১৮৮৬-১৮৯৪২৫**

**মেহেদীবাগ শাখা** : ন্যাশনাল হসপিটাল এর বিপরিতে, ৭৫৪/৮২৭ মেহেদীবাগ, চট্টগ্রাম।
ফোন: **০১৮৩০-৫১৮৮৬২, ০১৮৩০-৫১৮৮৮৬**

taqwamodelmadrasah@gmail.com  তাকওয়া মডেল মাদ্রাসা